

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 31-05-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Brijesh Pandey Press Meet :

গত দু'দিনে রাজ্যে অবিরাম বর্ষণের ফলে বেশ কিছু নিচু এলাকা জলমগ্ন হয়ে পড়ে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যের মুখ্যসচিব জে. কে. সিনহা এবং রাজস্ব সচিব ব্রিজেশ পান্ডের সঙ্গে রাজ্যের দু'দিনের বর্ষণজনিত পরিস্থিতির বিষয়ে পর্যালোচনা করেন। গতকাল মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে রাজস্ব সচিব ব্রিজেশ পান্ডে বর্ষণজনিত উদ্ভূত পরিস্থিতি নিয়ে সর্বশেষ তথ্য তুলে ধরেন। রাজস্ব সচিব জানান, গত দু'দিনের বর্ষণে পশ্চিম জেলার জিরানীয়ায় জলে ডুবে একজনের প্রাণহানীর খবর পাওয়া গেছে। পশ্চিম জেলায় ৩টি এবং খোয়াই জেলায় একটি ত্রাণ শিবির খোলা হয়েছে। এই শিবিরগুলিতে ৫৭টি পরিবারের ২০৭ জন মানুষ আশ্রয় নিয়েছেন। রাজস্ব সচিব জানান, যে কোন ধরনের পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুত রয়েছে প্রসাশন।

CM Doner Minister :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যে দুধ, ডিম, মাছ, মাংস উৎপাদনে স্বয়ম্ভরতা অর্জনের জন্য প্রয়োজনীয় সহযোগিতা করতে ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার দৃষ্টি আকর্ষণ করেছেন। গতকাল সচিবালয়ে ডোনার মন্ত্রীর সভাপতিত্বে উত্তর পূর্বাঞ্চলের ৮টি রাজ্যকে দুধ, ডিম, মাছ ও মাংস উৎপাদনে স্বয়ম্ভর করে তোলার লক্ষ্যে ভার্চুয়ালি উচ্চ পর্যায়ের সভা অনুষ্ঠিত হয়। মুখ্যমন্ত্রী বলেন, মৎস্য ও পশুপালন ক্ষেত্র ত্রিপুরার অর্থনৈতিক উন্নয়নে এবং মানুষের পুষ্টি ও চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তিনি ২০২৩-২৪ অর্থবছরে রাজ্যে দুধ, ডিম, মাছ

ও মাংসের গড় মাথাপিছু চাহিদা, প্রাপ্যতা এবং ঘাটতির তথ্য তুলে ধরে আলোচনা করেন।

CM MBB Stadium :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্য সরকার ক্রীড়াক্ষেত্রে নতুন প্রতিভা অন্বেষণে নানা উদ্যোগ গ্রহণ করেছে। পাশাপাশি রাজ্যের ক্রীড়া পরিকাঠামো উন্নয়নে গুরুত্ব দেওয়া হচ্ছে। গতকাল এম.বি.বি. ক্লাব হাউজে টি.সি.এ আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবির এবং ক্রিকেটারদের জন্য মাঠে পানীয় দ্রব্য সরবরাহের জন্য ব্যাটারিচালিত ড্রিংকস কারের সূচনা করে মুখ্যমন্ত্রী একথা বলেন। এই উপলক্ষে এদিন এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ১১৪ জন রক্তদান করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায়।

Bikshit Krishi Sangkalpa Abhijan :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ গতকাল খোয়াই জেলা কৃষি দপ্তরের উদ্যোগে মধ্য সিঙ্গিছড়া গ্রাম পঞ্চায়েতের রুদ্রবীণা কমিউনিটি হলে আয়োজিত বিকশিত কৃষি সংকল্প অভিযান অনুষ্ঠানে অংশ নেন। তিনি বলেন সারা দেশের সাথে রাজ্যেও কৃষি ব্যবস্থার উন্নয়নে সরকার আন্তরিকতার সাথে কাজ করছে।

NEET-PG :

সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে যে ১৫ জুন অনুষ্ঠিতব্য জাতীয় যোগ্যতানির্ণয়-ও-প্রবেশিকা পরীক্ষা, NEET-PG ২০২৫, দুটি শিফটের পরিবর্তে এক শিফটে অনুষ্ঠিত হবে। বিচারপতি বিক্রম নাথের নেতৃত্বাধীন একটি বেঞ্চ কর্তৃপক্ষকে এক শিফটে পরীক্ষা অনুষ্ঠিত করার ব্যবস্থা করার এবং পুরো

প্রক্রিয়া জুড়ে সম্পূর্ণ স্বচ্ছতা বজায় রাখার বিষয়টি নিশ্চিত করার নির্দেশ দিয়েছে।

Florence Nightingale Awards 2025 :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে নার্সিং পেশায় নিযুক্ত ১৫ জনকে জাতীয় ফ্লোরেন্স নাইটিংগেল পুরস্কার ২০২৫ প্রদান করেন। নার্সিং ক্ষেত্রে তাদের অসামান্য অবদানের জন্য এই পুরস্কার প্রদান করা হয়েছে।

Mukhamantri Samipesu :

মুখ্যমন্ত্রী সমীপেশু কর্মসূচির ৪৪তম পর্বে গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত সমস্যা পীড়িত মানুষের সঙ্গে কথা বলেন। প্রত্যেকের সমস্যা সমাধানে মুখ্যমন্ত্রী আন্তরিক উদ্যোগ গ্রহণ করেন।

Weather :

আগামী ২৪ ঘন্টায় উত্তর এবং উনকোটি জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর। রাজ্যের বাকি জেলাতেও ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস।
